


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)
সিটি সেন্টার (লেভেল-১০), ৯০/১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৪ জুন ২০২০ খ্রিস্টাব্দ

স্মারক নং: ৪৬.০১৮.১৯৯.০৩.১১৯.৪৮৪.২০২০-৪৮১

বিষয়ঃ চলমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)' এর অর্থায়নে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিক বিশেষ স্কিম গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে স্থানীয় সরকার বিভাগের অধীনে 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)' প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের আওতায় দেশের সকল ইউনিয়ন পরিষদের অনুকূলে মৌলিক খোক বরাদ্দ (বিবিজি) প্রদান করা হয়, যা দ্বারা ইউনিয়ন পরিষদ অপারেশন ম্যানুয়েল ২০১৮ অনুসরণপূর্বক বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড গ্রহণ ও বাস্তবায়ন করা হয়। ইউনিয়ন পরিষদ অপারেশন ম্যানুয়েল ২০১৮ এর অনুচ্ছেদ ৩.২.৭.৩. তে বর্ণিত স্বাস্থ্য সেবা খাতে স্বাস্থ্য সচেতনতা, জনস্বাস্থ্য ও পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত বিষয়ক স্কিম গ্রহণের কথা উল্লেখ আছে, যার মাধ্যমে বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণে ইতিবাচক ভূমিকা রাখার সুযোগ রয়েছে। উক্ত অনুচ্ছেদ অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জনসাধারণের মধ্যে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার প্রভৃতি উপকরণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করলে তা সরকারের এ সংক্রান্ত উদ্যোগকে আরও বেগবান করবে।

০২। ইতোমধ্যে ২০১৯-২০ অর্থবছরের মৌলিক খোক বরাদ্দের (বিবিজি) ১ম কিস্তির অর্থ বাবদ ৩২৫.১৮ কোটি (তিনশত পঁচিশ কোটি আঠার লক্ষ) টাকা ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়েছে। এ বরাদ্দকৃত অর্থের অংশ বিশেষ এর মাধ্যমে উপরোল্লিখিত স্কিম গ্রহণ করা হলে তা বর্তমান সময়ের প্রেক্ষিতে যথার্থ মর্মে প্রতীয়মান হবে। সেক্ষেত্রে, স্বাস্থ্য সেবা খাতের উল্লিখিত সামগ্রী অন্তর্ভুক্ত করে অগ্রাধিকার ভিত্তিতে স্কিম বাছাই, অনুমোদন ও বাস্তবায়নের বিষয়ে সংযুক্ত নির্দেশিকা অনুসরণ করে স্কিম গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন রয়েছে।

০৩। লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ এর আওতায় মৌলিক খোক বরাদ্দ (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিক বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার ও প্যাকিং খরচ বাবদ বরাদ্দ প্রাপ্তির ক্যাটাগরী অনুযায়ী ইউনিয়ন পরিষদ কর্তৃক অর্থ ব্যয়ের মাধ্যমে কর্মসূচি বাস্তবায়ন করতে হবেঃ

ক্র.নং	বিবরণ	ব্যয় সীমা টাকার পরিমাণ
০১	১ম কিস্তিতে বরাদ্দ প্রাপ্তির পরিমাণ ৫.০০ (পাঁচ লক্ষ) লক্ষ টাকা পর্যন্ত ইউনিয়ন পরিষদের ব্যয় সীমা হবে	সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত
০২	১ম কিস্তিতে বরাদ্দ প্রাপ্তির পরিমাণ ১০.০০ (দশ লক্ষ) লক্ষ টাকা পর্যন্ত ইউনিয়ন পরিষদের ব্যয় সীমা হবে	সর্বোচ্চ ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা পর্যন্ত
০৩	১ম কিস্তিতে বরাদ্দ প্রাপ্তির পরিমাণ ১০.০০ (দশ লক্ষ) লক্ষ টাকার উর্ধ্বে ইউনিয়ন পরিষদের ব্যয় সীমা হবে	সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা পর্যন্ত

০৪। এমতাবস্থায়, চলমান কোভিড-১৯ পরিস্থিতি ও জরুরী অবস্থা মোকাবেলায় এলজিএসপি-৩ এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের মৌলিক খোক বরাদ্দের (বিবিজি) অর্থ হতে প্রত্যেক ইউনিয়ন পরিষদের মাধ্যমে উপরে বর্ণিত শর্ত ও সংযুক্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণে অগ্রাধিকার ভিত্তিক ইউনিয়নের আওতাভুক্ত স্বাস্থ্য সেবা খাতের স্কিম তালিকা প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

(এনামুল হাবীব)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩
ফোন: ৯৫৮০৫০৩

জেলা প্রশাসক (সকল)

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী/খুলনা/ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী/খুলনা/ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০৩। উপপরিচালক স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ০৬। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, এলজিএসপি-৩, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।